

রায়পুরে স্কুল ছাত্রী অপহরণ মামলায় ৪ ব্যাক কর্মী শ্রেফতার

রায়পুর (লক্ষীপুর) সংবাদদাতা ॥ গত ১৮ মার্চ দিবাগত রাতে রায়পুর থানা পুলিশ হায়দরগঞ্জ বালিকা বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্রী শরমিন আক্তার লিপি অপহরণ মামলার আসামী আব্দুর রহমান, আল মামুন, আবুল কাসেম ও দেলোয়ার হোসেনকে শ্রেফতার করে কোর্টে চালান দিলে কোর্ট তাদেরকে জেল হাজতে প্রেরণ করে।

পুলিশ তাদেরকে হায়দরগঞ্জ ব্যাক অফিস থেকে শ্রেফতার করে। ১৬ মার্চ সকালে স্থানীয় চর আবাবিল গ্রামের আঃ খালেকের মেয়ে লিপি গ্রাইভেট পড়া শেষে বাড়ীর দিকে রওয়ানা দিলে ব্যাকের স্থানীয় ফিল্ড কর্মী মনজুরুল ইসলামের নেতৃত্বে অপহরণকারীরা তাকে অপহরণ করে নিয়ে যায়। এ ব্যাপারে লিপির পিতা বাদী হয়ে ১৮ মার্চ রায়পুর থানায় মনজুরুল ইসলামসহ মোট ৬ জনকে আসামী করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করে। আসামীরা সবাই ব্যাকের স্থানীয় মাঠ কর্মী।